গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# "কিশোর কিশোরী ক্লাব স্থাপন" প্রকল্প

মহিলা বিষয়ক অধিদপ্তর
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
বাঘারপাড়া, যশোর।
www.dwa.bagherpara.jessore.gov.bd

স্মারক নং- ৩২.০১.৪১০৯.০০০.১১.০০২.২৬- ২৪৮

তারিখ: ১২/ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ।
২৭/ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বাঘারপাড়া যশোর-এর আওতাধীন "কিশোর কিশোরী ক্লাব স্থাপন" প্রকল্পের অধীনে দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে প্রকল্পের মেয়াদকালীন সময়ে নিম্নোক্ত পদসমূহে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী প্রার্থী হিসেবে বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম, বেতন/সাকুল্য বেতন | পদের সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|
| ০১। | **জেন্ডার প্রোমোটার**<br>দৈনিক ভিত্তিক<br>১,০০০/- টাকা<br>(সপ্তাহে দুই দিন) | **০২ জন** | এইচ.এস.সি পাশ এবং কম্পিউটার চালনায় (মাইক্রোসফট অফিস) বাস্তব অভিজ্ঞতা। সংশ্লিষ্ট বিষয়ে ০২ বছরের বাস্তব অভিজ্ঞতা। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। প্রার্থীকে বাইসাইকেল চালনায় পারদর্শী হতে হবে। |

### শর্তাবলীঃ

০১। প্রার্থীকে আগামী ৩১-০৮-২০২৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার বরাবরে লিখিতভাবে আবেদন করতে হবে।

০২। উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সমন্বয়ে গঠিত উপজেলা প্যানেল কমিটি সংশ্লিষ্ট প্রত্যেক পদের বিপরীতে আবেদনকৃত যোগ্য প্রার্থীদের মধ্য হতে মেধাক্রম অনুযায়ী ০৩ (তিন) জনের প্যানেল প্রস্তুত করবেন।

০৩। জেন্ডার প্রোমোটার পদে নিয়োগ লাভের জন্য পার্থীকে সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোন কারণে সংশ্লিষ্ট উপজেলার যোগ্য প্রার্থী পাওয়া না যায় তাহলে পার্শ্ববর্তী উপজেলা হতে সংশ্লিষ্ট উপজেলার নিকটবর্তী প্রার্থীকে নিয়োগ প্রাদান করা হবে।

০৪। সরকার নির্ধারিত কোটায় প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয়ে সর্বশেষে সরকারি সিদ্ধান্ত প্রযোজ্য হবে।

০৫। আগামী ৩১-০৮-২০২৬ তারিখ সংশ্লিষ্ট পদের প্রার্থীদের বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিড গ্রহণযোগ্য নয়।

০৬। আবেদনপত্রের সাথে প্রার্থীর সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।

০৭। আবেদনপত্রের খামের উপর ডান পার্শ্বে পদের নাম, নিজ উপজেলা ও জেলার নাম উল্লেখ করতে হবে। বিশেষ কোটায় আবেদনকারী খামের উপর কোটার নাম উল্লেখ করতে হবে।

০৮। চাকুরীরত প্রার্থীদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যেমে প্রেরণ করতে হবে।

০৯। আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ জমা দিতে হবে। সকল সনদপত্র ১ম শেণির কর্মকর্তা কর্তৃক নামাঙ্কিত সীলসহ সত্যায়িত করে দাখিল করতে হবে।

১০। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

১১। বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগের যে কোন প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

২৭/০৭

ভুপালী সরকার
সভাপতি
নিয়োগ ও বাছাই কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।